# সৃজনশীল পরীক্ষা পদ্ধতি

## প্রশ্নের ধরন[১]

মুখস্থ শিক্ষা পদ্ধতি বা মুখস্থবিদ্যা থেকে শিক্ষার্থীদের বের করে এনে সৃজনশীল করে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় পর্যায়ক্রমে সকল বিষয়ে সৃজনশীল পরীক্ষা পদ্ধতি চালু করছে। সংস্কারমূলক এ পদ্ধতিতে মুখস্থের পরিবর্তে দক্ষতাভিত্তিক মূল্যায়ন ব্যবস্থার প্রবর্তন করা হয়। এক্ষেত্রে সৃজনশীল ও বহুনির্বাচনী প্রশ্নপত্র প্রণয়নের ব্যবস্থা করা হয়।

### সৃজনশীল প্রশ্নপদ্ধতি

সৃজনশীল প্রশ্নপদ্ধতিতে শিক্ষার্থী তার অর্জিত জ্ঞান হতে কী শিখেছে তা বুঝতে পারবে। একই সাথে তা নতুন পরিস্থিতিতে প্রয়োগ করতে শিখবে। সবশেষে শিক্ষার্থীর চিন্তন দক্ষতার উচ্চতর সামর্থ্য যাচাই করা সম্ভব হবে। সৃজনশীল প্রশ্নের প্রথমেই একটি চমৎকার উদ্দীপক/দৃশ্যকল্প/অনুচ্ছেদ থাকে। এ উদ্দীপক/দৃশ্যকল্প/অনুচ্ছেদ থেকে ধারণা করা যাবে প্রশ্নটির বিষয়বস্তু। এ বিষয়বস্তুকে কেন্দ্র করে জ্ঞানের ধাপ অনুসারে চারটি প্রশ্ন করা হয়। অর্থাৎ প্রত্যেকটি সৃজনশীল প্রশ্নে চারটি অংশ থাকে। অংশগুলো হচ্ছে- (ক) জ্ঞানমূলক, (খ) অনুধাবনমূলক, (গ) প্রয়োগমূলক এবং (ঘ) উচ্চতর দক্ষতাভিত্তিক। প্রশ্নের মধ্যে এই অংশগুলোর নম্বরবন্টন নিম্নরূপ-

| | |
|---|---|
| ক. জ্ঞান দক্ষতা যাচাই | ১ নম্বর |
| খ. অনুধাবন দক্ষতা যাচাই | ২ নম্বর |
| গ. প্রয়োগ দক্ষতা যাচাই | ৩ নম্বর |
| ঘ. উচ্চতর চিন্তন দক্ষতা যাচাই | ৪ নম্বর |
| | ১০ নম্বর |

প্রত্যেক সৃজনশীল প্রশ্ন দক্ষতার কাঠিন্যের ক্রম অনুযায়ী লেখা হয়। অংশ (ক) জ্ঞান স্তর (তথ্য স্মরণ করা) যাচাই করে। অংশ (খ) অনুধাবন স্তর (বিষয়বস্তু বুঝেছে কিনা তা যাচাই করে)। অংশ (গ) প্রয়োগ স্তর (অনুধাবন করা ধারণাকে নতুন পরিস্থিতিতে প্রয়োগ করতে পারে কিনা তা যাচাই করে)। এ অংশের উত্তর পাঠ্যপুস্তকে সরাসরি পাওয়া যায় না। অংশ (ঘ) উচ্চতর চিন্তন দক্ষতার স্তর (কোনো বিষয় বিশ্লেষণ, সংশ্লেষণ বা মূল্যায়ন করার দক্ষতা) যাচাই করে।

### ক. অংশ : জ্ঞান স্তর

এ অংশে প্রশ্নটি হবে অতি সহজ। এ প্রশ্নের মাধ্যমে পাঠ্যপুস্তক থেকে কোনো সহজ বিষয়/প্রত্যয় সম্পর্কে জানতে চাওয়া হয়। এ জাতীয় প্রশ্ন 'কী', 'কে', 'কখন', 'কোথায়, 'সংজ্ঞা দাও', 'উল্লেখ কর' ইত্যাদি প্রশ্নবোধক শব্দ দিয়ে করা হয়। (যেমন-তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কী?) যে প্রত্যয়/বিষয়টি জানতে চাওয়া হয় তা উদ্দীপক/দৃশ্যকল্পে উল্লেখ থাকে না, সংশ্লিষ্ট অধ্যায় বা পরিচ্ছেদে উল্লেখ থাকে।

### খ. অংশ : অনুধাবন স্তর

এ অংশের উত্তর শিক্ষার্থীকে বিষয়বস্তু বুঝে লিখতে হবে। সাধারণত উদ্দীপক/দৃশ্যকল্পটি চিত্র, চার্ট, সারণি বা ছবি হয় তাহলে এসবের ব্যাখ্যা চাওয়া হয়। এক্ষেত্রে 'কী বুঝায়' তা ব্যাখ্যা বা বর্ণনা কর, কারণ দর্শাও, প্রদর্শন কর, উদাহরণ দাও ইত্যাদি শব্দ দিয়ে প্রশ্নটি করা হয়।

### গ. অংশ : প্রয়োগ স্তর

'প্রয়োগ' হচ্ছে জ্ঞানের ব্যবহারিক দিক। এই প্রশ্নে শিক্ষার্থী তার অর্জিত জ্ঞান ও অনুধাবনকে কোনো বিশেষ অবস্থায়/নতুন পরিস্থিতিতে প্রয়োগ করবে। এ প্রশ্নের গঠন কাঠামোতে থাকতে পারে।

---

[১] *যেসকল শিক্ষার্থী ২০১৪ সালে একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছেন এবং যারা ২০১৬ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণ করবেন তাদের পরীক্ষার প্রশ্ন পদ্ধতি সম্পর্কে অদ্যাবধি (২০/০৮/২০১৪ইং) কোন সরকারী নির্দেশনা/প্রজ্ঞাপন জারী হয় নাই। তবে এই শিক্ষাবর্ষে যে পদ্ধতিতেই পরীক্ষা নেওয়া হোক না কেন শিক্ষার্থীরা যাতে সঠিক প্রস্তুতি নিতে পারে সেজন্য এখানে সৃজনশীল পদ্ধতির কিছু নমুনা প্রশ্ন সংযোজন করা হলো।*

- (উদ্দীপক/দৃশ্যকল্পের ব্যক্তি) কেন তিনি এ জাতীয় কাজ করেছেন?
- (উদ্দীপক/দৃশ্যকল্পের তথ্যের সাথে সম্পর্ক) অনুসন্ধান অথবা পরীক্ষণটি বর্ণনা কর।
- (উদ্দীপক/দৃশ্যকল্প হতে) সুনির্দিষ্ট উদাহরণের সাহায্যে ব্যাখ্যা করা।

এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশ্নের শেষে ব্যাখ্যা কর, আলোচনা কর, বর্ণনা কর ইত্যাদি শব্দ দিয়ে প্রশ্ন করা হয় এবং উদ্দীপকের আলোকে গাণিতিক সমস্যাও থাকতে পারে।

### ঘ. অংশ ঃ উচ্চতর দক্ষতা স্তর

এ অংশে শিক্ষার্থীদের চিন্তন দক্ষতার উচ্চতর সামর্থ্য যাচাই করা হয়। এ জাতীয় প্রশ্নগুলো অবশ্যই উদ্দীপক/দৃশ্যকল্পটির সাথে গভীরভাবে সম্পৃক্ত। এ অংশের প্রশ্নগুলোতে 'বিশ্লেষণ কর', যাচাই কর', 'মূল্যায়ন কর', 'বিচার কর', যথার্থতা নিরূপণ কর', 'পরামর্শ দাও', 'আলোচনা কর', 'সপক্ষে ও বিপক্ষে যুক্তি দাও' ইত্যাদি শব্দের ব্যবহার করা হয়ে থাকে। কোনো কোনো সময় যুক্তিসহ মতামত বা দৃষ্টিভঙ্গি চাওয়া হতে পারে। এছাড়াও উদ্দীপকের আলোকে গাণিতিক সমস্যা থাকতে পারে।

# বহুনির্বাচনি প্রশ্নপদ্ধতি

বহুনির্বাচনি প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের অর্জিত জ্ঞান, অনুধাবন ক্ষমতা, নতুন পরিস্থিতিতে অর্জিত জ্ঞান ও অনুধাবনের প্রয়োগ এবং বিশেষক্ষেত্রে বা পরিস্থিতিতে বিশ্লেষণ, সংশ্লেষণ এবং মূল্যায়ন করে উচ্চতর দক্ষতা যাচাই করা হয়। এ পদ্ধতিতে বহুনির্বাচনি প্রশ্ন প্রাথমিকভাবে তিনটি ভাগে বিভক্ত থাকবে। যথা-

### ♦ সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন (Simple MCQ)

এ ধরনের প্রশ্নের সূচনা প্রশ্নের আকারে অথবা অসম্পূর্ণ বাক্য হিসেবে দেয়া থাকে, যা উদ্দীপক হিসেবে কাজ করে। এর পরে থাকে ৪টি বিকল্প উত্তর, যার মধ্যে একটি মাত্র সঠিক উত্তর। এ ধরনের প্রশ্নে জ্ঞান, অনুধাবন, প্রয়োগ, উচ্চতর দক্ষতা যাচাই ও প্রকারের প্রশ্ন হতে পারে।

### ♦ বহুপদী সমাপ্তিসূচক প্রশ্ন (Multiple Completion)

এ ধরনের প্রশ্ন স্মৃতিনির্ভর নয় এবং এর সূচনাতে ৩টি তথ্য দেয়া হয়। এ ৩টি তথ্য (Statement) সম্পর্কিত ৪টি উত্তর থেকে শিক্ষার্থীকে একটি বাছাই করতে হয়। এ ধরনের প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের অনুধাবন, প্রয়োগ ও উচ্চতর দক্ষতা যাচাই করা হয়।

### ♦ অভিন্ন তথ্যভিত্তিক প্রশ্ন (Situation Set)

এ ধরনের বহুনির্বাচনি প্রশ্নে সরবরাহ করা একই তথ্য/উদ্দীপক থেকে কয়েকটি প্রশ্ন করা যায়। এগুলো পরস্পরের সাথে সম্পর্কিত হবে। প্রশ্নটির কাঠামো সাধারণ বহুনির্বাচনি অথবা বহুপদী সমাপ্তিসূচক হতে পারে। সাধারণত অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন তৈরির ক্ষেত্রে জ্ঞান স্তরের প্রশ্ন করা হয় না। অভিন্ন তথ্যের ব্যবহার মূলত প্রয়োগ এবং উচ্চতর দক্ষতা স্তরের প্রশ্নের জন্য। কখনো কখনো উদ্দীপকের দৈর্ঘ্য বড় হলে শিক্ষার্থীর পড়ার সময়ের বিষয়টি বিবেচনা করে উদ্দীপকের ভিত্তিতে (অভিন্ন তথ্যের ভিত্তিতে) প্রয়োগ এবং উচ্চতর দক্ষতা স্তরের প্রশ্নের সাথে সাথে জ্ঞান এবং অনুধাবন স্তরের প্রশ্নও হয়ে থাকে।

বহুনির্বাচনি প্রশ্নপত্রে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তরের ভিত্তিতে প্রশ্নের শতকরা হার নিম্নরূপ হওয়া বাঞ্ছনীয়। যেমন-

| | |
|---|---|
| জ্ঞানের স্তর | : ৩০%-৪০% |
| অনুধাবন স্তর | : ৩০%-৪০% |
| প্রয়োগ স্তর | : ১০%-২০% |
| উচ্চতর দক্ষতার স্তর | : ১০%-২০% |

জ্ঞান ও অনুধাবন স্তর হতে মোট প্রশ্নের ৭০% এবং প্রয়োগ ও উচ্চতর দক্ষতা স্তর হতে মোট প্রশ্নের ৩০% প্রশ্ন থাকে।

## অধ্যায় ১ : প্রথম অংশ

# তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : প্রাথমিক ধারণা

### অনুশীলনী ১.১

## ক. বহুনির্বাচনী প্রশ্ন (Multiple Chioce Question-MCQ)

১। তথ্য বা ইনফরমেশন হল-

*i.* কোন বিশেষ উদ্দেশ্যে কম্পিউটারে ডেটা প্রক্রিয়াকরণের ফলে প্রাপ্ত ফলাফল।

*ii.* কোন প্রেক্ষিতে সুশৃঙ্খলভাবে সাজানো ডেটা যা সহজবোধ্য, অর্থবহ, কার্যকর ও ব্যবহারযোগ্য (Useful)।

*iii.* কোন বিশেষ প্রেক্ষিতে ডেটাকে অর্থবহ করা।

নিচের কোনটি সঠিক?

(ক) *i* ও *ii* (খ) *ii* ও *iii*

(গ) *i* ও *iii* (ঘ) উপরের সবকয়টি।

২। নিচের কোনটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি?

(ক) রেডিও (খ) টেলিফোন

(গ) মোবাইল (ঘ) উপরের সবকয়টি।

৩। ইন্টারনেট কী?

(ক) বিশ্বের বৃহত্তম ডেটা যোগাযোগ নেটওয়ার্ক (খ) একটি আর্ন্তজাতিক নেটওয়ার্ক

(গ) একটি ইনফরমেশন সুপার হাইওয়ে (ঘ) উপরের সবকয়টি।

৪। ঘরে বসে বিশ্বের সাথে উভমুখী যোগাযোগের উপায় হলো-

(ক) রেডিও (খ) গাড়ী

(গ) ইন্টারনেট (ঘ) উপরের সবকয়টি।

৫। তথ্য প্রযুক্তি গ্রহণ ও ব্যবহারের প্রধান অন্তরায় কোনটি?

(ক) অবকাঠামো (Infrastructure) (খ) আইনি কাঠামো (Legal framework)

(গ) মানুষের সক্ষমতা (Human capacity) (ঘ) উপরের সবকয়টি।

৬। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্রমবিকাশের সাথে কোন প্রযুক্তি সংশ্লিষ্ট?

(ক) তড়িৎ ও ইলেকট্রনিক প্রযুক্তি (খ) কম্পিউটিং এবং কম্পিউটার প্রযুক্তি

(গ) যোগাযোগ প্রযুক্তি (ঘ) উপরের সবকয়টি।

৭। বাংলাদেশে প্রচলিত টেলিভিশনের আদর্শমান কোনটি?

(ক) SECAM (খ) PAL

(গ) NTSC (ঘ) HDTV

৮। ইন্টারনেট প্রটোকল কোনটি?

(ক) TCP/IP (খ) UDP

(গ) NetBIEU (ঘ) Arpanet

## খ. সৃজনশীল প্রশ্ন

১। বাংলাদেশের প্রত্যন্ত গ্রামের জনসাধারণের কাছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা পৌছে দিতে বাংলাদেশ সরকার ইউনিয়ন তথ্য কেন্দ্র (Union Information Center-UIC) চালু করেছে। এই সকল কেন্দ্র কম্পিউটার ও ইন্টারনেটসহ অন্যান্য ধরনের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যন্ত্রপাতি দ্বারা সজ্জিত করা হয়েছে। তথ্য সেবা

## অধ্যায় ৩ : প্রথম অংশ

# সংখ্যা পদ্ধতি

### অনুশীলনী-৩.১

## ক. বহুনির্বাচনী প্রশ্ন (MCQ)

১২। নিচের কোন সংখ্যা পদ্ধতিটি নন-পজিশনাল সংখ্যা পদ্ধতি?
(ক) বাইনারি (খ) প্রাচীন হায়ারোগ্লিফিক্স
(গ) রোমান (ঘ) অক্ট্যাল

১৩। পজিশনাল সংখ্যা পদ্ধতিতে কোন একটি সংখ্যার মান বের করার জন্য কোনটি প্রয়োজন?
(ক) সংখ্যাটিতে ব্যবহৃত অংকগুলোর নিজস্ব মান (খ) সংখ্যা পদ্ধতির বেজ (Base) বা ভিত
(গ) সংখ্যাটিতে ব্যবহৃত অংকগুলোর স্থানীয় মান (ঘ) উপরের সবগুলো।

১৪। হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতিতে মোট কয়টি চিহ্ন বা অংক রয়েছে?
(ক) ১০ (খ) ১৬
(গ) ১৫ (ঘ) ৮

১৫। ডিজিটাল ইলেকট্রনিক্সে কোন ভোল্টেজ লেবেলটি সংজ্ঞায়িত নয়?
(ক) ০ ভোল্ট থেকে + ০.৮ ভোল্ট (খ) +২ ভোল্ট থেকে +৫ ভোল্ট
(গ) +০.৮ ভোল্ট থেকে +২.০ ভোল্ট (ঘ) উপরের একটিও নয়।

১৬। ৯৯ এর সমকক্ষ বাইনারি সংখ্যা কোনটি?
(ক) ১১০১০১১ (খ) ১০১০০১১
(গ) ১১০০০১১ (ঘ) ১১০১০১০

১৭। $(B৫D)_{১৬}$ এর সমকক্ষ দশমিক সংখ্যা কোনটি?
(ক) ২৯০৯ (খ) ৩৯০৯
(গ) ১৯০৯ (ঘ) ৪৯০৯

১৮। $(১২৭)_{৮}$ এর সমকক্ষ বাইনারি সংখ্যা কোনটি?
(ক) $(১০১০১০১)_{২}$ (খ) $(১০১০১১১)_{২}$
(গ) $(১১১০১০১)_{২}$ (ঘ) $(১০১১১০১)_{২}$

১৯। ২ এর পরিপূরক নির্ণয়ের সূত্র নিম্নরূপ?
(ক) $(১০১০১০১)_{২}$ (খ) $(১০১০১১১)_{২}$
(গ) $(১১১০১০১)_{২}$ (ঘ) $(১০১১১০১)_{২}$

২০। ২৫৬ কে বাইনারীতে প্রকাশ করতে গেলে কত বিট প্রয়োজন?
(ক) ৮ বিট (খ) ১৬ বিট
(গ) ৩২ বিট (ঘ) ৪ বিট

২১। ২এর পরিপূরক নির্ণয়ের সূত্র কোনটি?
(ক) ১এর পরিপূরক+১ (খ) ১এর পরিপূরক-১
(গ) ১এর পরিপূরক+সংখ্যাটির সমকক্ষ বাইনারি (ঘ) উপরের একটিও নয়।

২২। ইউনিকোড কত বিটের?
(ক) ৮ বিট (খ) ১৬ বিট
(গ) ৩২ বিট (ঘ) ৪ বিট।

